দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 13 FEB 2016 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 8 ......

# জিসিএসই-এ লেভেলস শিক্ষার্থীদের এডেক্সেলের সম্মাননা প্রদান

যুক্তরাজ্যে শিক্ষার্থীদের পুরস্কার দাতা সংস্থা, পিয়ারসনের একটি অংশ, পিয়ারসন এডেক্সেল ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় আন্তর্জাতিক জিসিএসই (পূর্বে ও লেভেলস) এবং এ লেভেলস ২০১৫। সালের পরীক্ষায় ভালো ফল অর্জনকারীদের শিক্ষার্থীদের একাডেমিক অ্যাওয়ার্ড অনুষ্ঠানের আয়োজন করেছে। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে সম্প্রতি এই পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়।

এ বছর ৫৮৯ জনকে এডেক্সেল হাই এচিভার পুরস্কার চারটি ভিন্ন ক্যাটাগরিতে প্রদান করা হয়। এ সময় ব্রিটিশ কাউন্সিলের কান্ট্রি ম্যানেজার দ্বীপ অধিকারী, এডেক্সেল বাংলাদেশের কান্ট্রি ম্যানেজার সাইদুর রহমান এবং এডেক্সেল রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার আব্দুল্লাহ লিটন উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি